

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًافًات

আয়াতঃ ৩৭: ১২৩

আরবি মূল আয়াত:

وَ إِنَّ اِلْيَاسَ لَمِنَ المُرسَلِينَ ﴿١٢٣﴾؟

🗚 আনুবাদসমূহ:

আর ইলইয়াসও ছিল রাসূলদের একজন। — আল-বায়ান

ইলিয়াসও ছিল অবশ্যই রসুলদের একজন। — তাইসিরুল

ইলিয়াসও ছিল রাসূলদের একজন। — মুজিবুর রহমান

And indeed, Elias was from among the messengers, — Sahih International

১২৩. আর নিশ্চয় ইলইয়াস ছিলেন রাসূলদের একজন ৷(১)

(১) কাতাদা বলেন, ইল্ইয়াস ও ইদ্রীস একই ব্যক্তি। [তাবারী] অন্যদের নিকট তাদের মধ্যে পার্থক্য রয়েছে। [ইবন কাসীর] সে মতে তিনি ছিলেন, ইলইয়াস ইবনে ফিনহাস ইবনে আইযার ইবনে হারান ইবনে ইমরান। তারা বা'ল নামীয় এক মূর্তির পূজা করত। তিনি তাদেরকে তা থেকে নিষেধ করেন। কিন্তু তারা তা থেকে বিরত হয়। না। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১২৩) নিশ্চয় ইল্য়্যাসও ছিল রসূলদের একজন; [1]

[1] ইলিয়াস (আঃ) হারূন (আঃ)-এর বংশোদ্ভূত বনী ইস্রাঈলের প্রতি প্রেরিত একজন নবী ছিলেন। তাঁকে বা'লাবার্ক্ নামক এলাকায় প্রেরণ করা হয়েছিল। অনেকে সে জায়গার নাম সামেরা বলেছেন, যা ফিলিস্তীনের মধ্য পশ্চিমে অবস্থিত। সেখানের মানুষ বা'ল নামক এক মূর্তির উপাসনা করত। অনেকে বলেন, এটা একটি দেবী ছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3911

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন